# খামেনিসহ নিহতদের হত্যার বিচার নিশ্চিতের প্রতিশ্রুতি ইরানের




ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ সংঘাতে নিহত সব নাগরিকের হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করা সরকারের অন্যতম অগ্রাধিকার বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই।

তেহরানে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, নিহতদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্বের অংশ এবং এ প্রক্রিয়ায় পররাষ্ট্র মন্ত্রণালয়ও সক্রিয়ভাবে সম্পৃক্ত থাকবে।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, বাঘেই যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে আনা অভিযোগের বিষয়ে আন্তর্জাতিক পর্যায়ে আইনি ও কূটনৈতিক পদক্ষেপ গ্রহণের কথাও উল্লেখ করেন।

LENS ASIA

তার ভাষ্য অনুযায়ী, সংঘাত সংশ্লিষ্ট ঘটনাগুলোর প্রমাণ ও তথ্য নথিভুক্ত করে আন্তর্জাতিক আইন অনুযায়ী বিচার প্রক্রিয়া এগিয়ে নিতে প্রয়োজনীয় সব ধরনের কূটনৈতিক ও আইনি সুযোগ কাজে লাগাবে তেহরান।

এদিকে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল ব্যবস্থাপনা নিয়ে ওমানের সঙ্গে একটি যৌথ কাঠামো গড়ে তোলার আগ্রহ প্রকাশ করেছে ইরান। তবে বাঘেইর দাবি, যুক্তরাষ্ট্রের চাপের কারণে মাসকাটের সঙ্গে এ বিষয়ে অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছে।